



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

বাংলাদেশের
সুদর্শন জয়ন্তী
Bangladesh



কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, E.I.N : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭
e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

তারিখ: ১৯/০৯/২০২৩ খ্রি.

২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির বিজ্ঞপ্তি (সংশোধিত)

এতদ্বারা কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল এর ২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছুক ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৯/২০২৩ খ্রি. হতে ০৩/১০/২০২৩ খ্রি. (সরকারি বন্ধের দিন ব্যতিত) পর্যন্ত বোর্ড কর্তৃক প্রেরিত তালিকা মোতাবেক অনলাইনে ভর্তি কার্যক্রম চলবে। ভর্তির জন্য <http://kgc.ac.bd/admission/> লিংকে প্রবেশ করে শিক্ষার্থীদের কমন ইউজার আইডি ও পাসওয়ার্ড (User : **kgcstudent** Password: **kgcstudent**) ব্যবহার করে Login-Admission-Click for New Admission এ ক্লিক করে শিক্ষার্থী Select Group এ HSC, Select Department - বিভাগ/শ্রেণি নির্বাচন করে Admission Roll হিসেবে SSC Roll দিয়ে Click for Admission এ ক্লিক করে তথ্যসমূহ নির্ভুলভাবে পূরণপূর্বক বিভাগ ভিত্তিক সঠিক বিষয় নির্বাচন দিয়ে ফরম পূরণ করে সাবমিট করতে হবে।

ভর্তি ফি : মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা:	ভর্তি ফি : বিজ্ঞান শাখা :
ক) ভর্তি ফিসহ সেশন চার্জ (ব্যবহারিক ফি ছাড়া) = ২,৮৬৯/-টাকা।	ক) ভর্তি ফিসহ সেশন চার্জ (ব্যবহারিক ফি সহ) = ৩,১২৯/-টাকা।
খ) ভর্তি ফিসহ সেশন চার্জ (১টি ব্যবহারিক ফি সহ) = ২,৯০৯/-টাকা।	
গ) ভর্তি ফিসহ সেশন চার্জ (২টি ব্যবহারিক ফি সহ) = ২,৯৪৯/-টাকা।	

উক্ত চার্জ অনলাইন চার্জ ব্যাতিত

'নগদ' 'বিকাশ' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ০৩/১০/২০২৩ খ্রি. বিকাল ৩ টার মধ্যে পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীরা নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণি রোল পড়বে এবং প্রদত্ত মোবাইল নম্বরে (পিতার নম্বর) (পিতার অবর্তমানে অভিভাবকের নম্বর) ভর্তি সম্পন্ন হওয়ার Message যাবে। অনলাইনে ফি জমা দেয়ার পর শ্রেণি রোলসহ অনলাইনে পূরণকৃত ভর্তিফরম প্রিন্ট করে (হাতে লেখা রোল গ্রহণযোগ্য নয়) নির্দিষ্ট কাউন্টারে নিম্নে বর্ণিত কাগজপত্র অনলাইনে পূরণকৃত ফরমের সাথে জমা দিতে হবে।

ফরম পূরণের সময় করণীয়

১. অনলাইনে শিক্ষার্থীর তথ্য হালনাগাদের সময় শিক্ষার্থী ও পিতা/অভিভাবকের মোবাইল নম্বর একই হওয়া যাবে না।
২. অনলাইনে ছবি আপলোডের সময় ছবির (ব্যাকগ্রাউন্ড হালকা নীল কলেজ ইউনিফর্ম পরিহিত সাদা কামিজ, সাদা ওড়না ও সাদা সালায়ার) সাইজ পাসপোর্ট সাইজ (৪ সে.মি. x ৫ সে.মি) এবং ছবির ফরমেট.জেপিইজি (.jpeg) হতে হবে। কোন প্রকার সেলফি ব্যবহার করা যাবে না। ছবিতে দুই চোখ, দুই কান স্পষ্ট হতে হবে। (অনলাইনে প্রদত্ত ছবি শিক্ষার্থীর পরিচয়পত্র ও রেজিস্ট্রেশনে ব্যবহৃত হবে।) ছবিতে কোন প্রকার ক্রটি থাকলে সেই ছবির ফরম গ্রহণযোগ্য হবে না।
৩. ফরমের সকল তথ্যই সঠিকভাবে পূরণ করতে হবে।

ভর্তির সময় যা সঙ্গে আনতে হবে (কাগজপত্র নিম্নবর্ণিত ক্রমিক অনুসারে জমা দিতে হবে) :

১. অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম (কালার প্রিন্ট)। (২ কপি প্রিন্ট করতে হবে ১ কপি জমা দিবে ১ কপি নিজের কাছে রাখবে)।
২. মাধ্যমিক/সমমান পাশের মূল ট্রান্সক্রিপ্ট।
৩. প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্রের ফটোকপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও মূল ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি ২টি করে।
৪. মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে (মুক্তিযোদ্ধা কমান্ডারের সম্পর্কের প্রত্যয়নপত্র), শিক্ষা কোটার প্রত্যয়ন পত্র (প্রয়োজ্য ক্ষেত্রে)
৫. ছাত্রীর জন্ম নিবন্ধনের ০১ (এক) কপি ফটোকপি। (অনলাইনে পূরণকৃত)
৬. পিতা, মাতার জাতীয় পরিচয়পত্রের (স্পষ্ট) ০১ (এক) কপি ফটোকপি।

বিঃদ্র: ১। ভর্তির নির্দিষ্ট সময়ের মধ্যে মূল ট্রান্সক্রিপ্ট জমা না দিলে ভর্তি বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ছবি ও অন্যান্য কাগজপত্র সত্যায়িত করার প্রয়োজন নেই।

২। সন্ধ্যা ৭ টা থেকে সকাল ৭টা পর্যন্ত পেমেন্ট কার্যক্রম বন্ধ থাকবে।

অন্যান্য নির্দেশনা:

১. ভর্তিফরম ও অন্যান্য কাগজপত্র নির্দিষ্ট কাউন্টারে জমা দেয়ার পর নির্দিষ্ট হাজিরা মেশিনে (Face Detection Machine) তথ্য এন্ট্রি করে হাজিরার তথ্য নিশ্চিত করতে হবে (অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম এ রোল প্রদর্শনপূর্বক)।
২. কোটায় চাল প্রাপ্ত শিক্ষার্থীরা কোটার প্রমাণক মূলকপিসহ কলেজে এসে প্রথমে ভর্তি কমিটির সদস্য জনাব রেহান উদ্দিন কামরুল এর নিকট যোগাযোগ করে (কক্ষ নং ১১২) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
৩. নিয়মিত ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক এবং শিক্ষাবোর্ড কর্তৃক ন্যূনতম উপস্থিতি নিশ্চিত না হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৪. ক্লাস শুরু প্রথম দিন থেকেই কলেজ কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান বাধ্যতামূলক।

(প্রফেসর মো: বদরুল আলম)

অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল

✓ ১৯/০৯/২৩
আহ্বায়ক

একাদশ শ্রেণির ভর্তি কমিটি-(শিক্ষাবর্ষ-২০২৩-২৪)

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।